

সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

সিলেট, ১৪ই জুলাই (জেলা
বার্তা পরিবেশকের কোন)।—
আজ এক সংঘর্ষের পর সিলেট
ওসমানী মেডিক্যাল কলেজ অনি-
দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা
হয়েছে এবং ছাত্রদের অবিলম্বে
হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

গতরোববার মধ্যরাতে কলে-
জের জিয়া ছাত্রাবাসে জাতীয়তা-
বাদী ছাত্র দল ও ছাত্রলীগ (মু-
না) এর কর্মীদের মধ্যে অনুষ্ঠিত
অপ্রীতিকর ঘটনাকে কেন্দ্র করে
আজ বেলা ২টার দিকে একদল
সশস্ত্র যুবক জিয়া ছাত্রাবাস, লানা
ছাত্রাবাস ও শহীদ শামসুদ্দিন ছাত্রা-
বাসে হামলা চালায়। তারা কম-
পক্ষে ৩০টি কক্ষ তল্লাশ করে।
২টি কক্ষে অগ্নিসংযোগ করে।

এক পর্যায়ে ৭/৮টি ককটেল
বিস্ফোরণেরও শব্দ পাওয়া যায়।
হামলায় কমপক্ষে ১০ জন আহত
হয়েছে। আহতদের মধ্যে ১জনকে
হাসপাতালে ভর্তি করা হয়েছে।
সে জাতীয়তাবাদী ছাত্র দলের
কর্মী বলে জানা গেছে।

বিকেল ৪টার দিকে পুলিশ
(সেব পূ: ২-এর ক: ড:)

সিলেট মেডিক্যাল কলেজ

(১ম পাতার পর)

ঘটনাস্থলে পৌঁছে এবং পরি-
স্থিতি নিয়ন্ত্রণে আনে। পুলিশ
দু'টি মাইক্রোবাস বোম্বাই অস্ত্রশস্ত্র
উদ্ধার করেছে এবং একজন
ছাত্রকে গ্রেপ্তার করেছে। এ
ঘটনার পরপরই কর্তৃপক্ষ অনি-
দিষ্টকালের জন্য কলেজ বন্ধ
ঘোষণা করে এবং ছাত্রদের হল
ত্যাগ করার নির্দেশ দেয়।